# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ নিশ্চয়ই মহান আল্লাহ কোমলতার উপর সাহায্য করেন এভাবে যে, তিনি কোমলতার জন্য যা দেন, কঠোরতার জন্য তা দেন না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا يُعِينُ عَلَى الرِّفْقِ بِأَنْ يُعْطِي عَلَيْهِ مَا لَا يُعْطِي عَلَى الْعُنْفِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَحْمَدَ بْنِ مُوسَى بِعَسْكَرَ مُكْرَمٍ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ حَفْصٍ الْأُبُلِّيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ عَنِ الْأَعْمَشِ عَنْ أبي سالم عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ اللَّهَ رَفِيقٌ يُحِبُّ الرفق ويعطي على الرفق مالا يعطي على العنف.)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 550 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৫৫০. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “নিশ্চয়ই আল্লাহ কোমল, তিনি কোমলতা পছন্দ করেন। তিনি কোমলতার জন্য যা দেন, কঠোরতার জন্য তা দেন না।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৩৬৮৮; বাযযার: ১৯৬৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫১২; মুসনাদ আহমাদ: ৪/৭৮; আদাবুল মুফরাদ: ৪৭২; আবু দাউদ: ৪৮০৭; দারেমী: ২/৩২৩; মাজমা‘উয যাওয়াইদ: ৮/১৮; তাবারানী, আস সাগীর: ১/৮১; তাবারানী, আল কাবীর: ২২৭৩।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আর রওদ্বুন নাদ্বীর: ৩৬, ৭৬৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89015

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন